

নাচোল উপজেলা পরিষদের ৩৭তম সভার কার্যবিবরণী :

সভার তারিখ	:	৩০.০৫.২০২২ খ্রি.
সময়	:	সকাল ১০.০০ মি.
স্থান	:	উপজেলা পরিষদ সভা কক্ষ
সভাপতি	:	মোহাঃ আব্দুল কাদের চেয়ারম্যান উপজেলা পরিষদ নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় গত ২৫.০৪.২০২২খ্রিঃ তারিখের ৩৬তম সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টীকরণ করা হয়।


আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
<p>প্রকৌশল বিভাগ :</p> <p>(ক) উপজেলা প্রকৌশলী, নাচোল জানান যে, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ০৬ অক্টোবর ২০২১খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.০৮৯.১৫.১২০ নং স্মারকে নাচোল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের জন্য ৫৮,৩১,০৭০/- টাকার প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। তার মধ্য থেকে উপজেলা পরিষদের টিনশেড গ্যারেজের ছাউনী নির্মাণের জন্য ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা ও মেঝের আরসিসি ঢালাই-এর জন্য ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকার দুইটি পুনঃপ্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। বিল দু'টি অনুমোদিত পত্র মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল থেকে ব্যয় করা যাবে।</p> <p>(খ) উপজেলা প্রকৌশলী, নাচোল আরও জানান যে, ২০২১-২২ অর্থ বছরে এডিপি থোক বরাদ্দ খাতে গৃহীত প্রকল্প সমূহের মধ্যে দরপত্রের মাধ্যমে বাস্তবায়িত প্রকল্প সমূহের ৫% সাশ্রয়কৃত অর্থ বাবদ ৩,১৮,১৬৮/- (তিন লক্ষ আঠারো হাজার এক শত আটষট্টি) টাকা রয়েছে। উক্ত টাকা ব্যয় করা না হলে ৩০ জুন সমাপ্ত অর্থ বছরে তা তামাদি হয়ে যাবে। তিনি উক্ত অর্থ ব্যয়ের বিষয়টি সভায় উপস্থাপন করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	<p>(ক) এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর প্রস্তুতকৃত প্রাক্কলনের প্রকল্প দু'টি সর্বসম্মতিক্রমে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।</p> <p>(খ) এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত সাশ্রয়কৃত অর্থ দ্বারা ফতেপুর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের পারিলা পাকা রাস্তা থেকে পারিলা এইচবিবি রাস্তা অভিমুখী রাস্তা এইচবিবিবিকরণ কাজটি কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নাচোল</p>
<p>স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ :</p> <p>উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, নাচোল-এর প্রতিনিধি প্রথমেই নাচোল উপজেলার করোনা পরিস্থিতি সম্পর্কে সভাকে অবহিত করেন। কোভিড ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	<p>উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, নাচোল টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করবেন।</p>	<p>উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ</p>
<p>কৃষি বিভাগঃ</p> <p>উপজেলা কৃষি অফিসার, নাচোল- এর প্রতিনিধি সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	<p>সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>উপজেলা কৃষি অফিসার, নাচোল</p>
<p>যুব উন্নয়ন বিভাগঃ</p> <p>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, চলতি অর্থ বছরে বিভিন্ন ট্রেডে ৪২০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণের পরিমাণ- ৯৬০৯ জন। চলতি অর্থ বছরে বিভিন্ন ট্রেডে ৪৭ জনকে ২৩,৭৮,০০০/- টাকা ঋণ দেয়া হয়েছে। ক্রমপুঞ্জিত ঋণের পরিমাণ- ৫,১৩,৬২,০০০/- টাকা। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য টাকার পরিমাণ- ৪,৭৬,১৭,২৭১/- টাকা। ক্রমপুঞ্জিত আদায়কৃত আসল- ৪,৭৬,১৭,২৭১/- টাকা। আদায়ের হার ১০০%। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	<p>সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ</p>

চলমান পাতা-২


আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
<p>সমবায় বিভাগঃ উপজেলা সমবায় অফিসার, নাচোল-এর প্রতিনিধি সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা সমবায় অফিসার, নাচোল
<p>প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নাচোল-এর প্রতিনিধি সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাচোল
<p>সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজসেবা অফিসার, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম জনবল সংকটের জন্য সাময়িকভাবে ব্যাধাত ঘটছে। তিনি আশা করেন দ্রুত পরিস্থিতি স্বাভাবিক হয়ে উঠবে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নাচোল
<p>মহিলা বিষয়ক বিভাগঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না।</p>	-	-
<p>পরিবার পরিকল্পনা বিভাগ : উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না।</p>	-	-
<p>আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নাচোল
<p>পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ব্যাংক ঋণ ১০৩.৩৫ লক্ষ, আবর্তক ২১.৫২ লক্ষ, সদাবিক ২৫.৩৯ লক্ষ, পল্লী প্রগতি ৩.৮০ লক্ষ, অপ্রধান শস্য ৩৫.৭৭ লক্ষ, বীর মুক্তিযোদ্ধ প্রকল্পে ২.৮৫ লক্ষ এবং প্রধানমন্ত্রীর বিশেষ প্রণোদনা ১১.৫০ সহ মোট ২২০.৭৮ লক্ষ টাকা ঋণ বিতরণ হয়েছে এবং আদায় করা হয়েছে ১৭৯.৮৩ লক্ষ টাকা। বিতরণ ও আদায় সন্তোষজনক। পিআরডিপি-৩ প্রকল্পে বর্তমান অর্থ বছরে ০৩ টি স্কীমের বরাদ্দ পাওয়া গিয়াছে। গ্রাম উন্নয়ন কমিটি ও ইউনিয়ন সমন্বয় কমিটির প্রস্তাবের ভিত্তিতে ০৩ টি প্রকল্প উপপরিচালক, বিআরডিবি, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর তা বাস্তবায়ন করা হয়েছে। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
<p>মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
<p>প্রাণীসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না।</p>	-	-
<p>শিক্ষা বিভাগ : উপজেলা শিক্ষা অফিসার, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
<p>মাধ্যমিক শিক্ষা বিভাগ : উপজেলা সহঃ মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোল

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
<p>বিএমডিএ বিভাগঃ সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নাচোল জোন সভায় জানান যে, 'কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা-২০১৯' এর বিধি ৯(৩) মোতাবেক প্রতিটি সেচ যন্ত্রের লাইসেন্স নবায়নের ক্ষেত্রে নির্ধারিত হারে উপজেলা পরিষদের অনুকূলে টাকা জমা দেয়ার বিধান রয়েছে। উক্ত বিধি মোতাবেক গঠিত ব্যাংক হিসাবে জমাকৃত টাকার মধ্য হতে আনুষঙ্গিক খরচ বাদে ৯,৫০,০০০/- (নয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা করতে হবে। উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর সেচযন্ত্র নবায়নের উল্লেখিত টাকা উপজেলা রাজস্ব তহবিলে স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রকৌশলী, বিএমডিএ ও সদস্য সচিব উপজেলা সেচ কমিটি
<p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নাচোল
<p>খাদ্য বিভাগঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
<p>পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ) বিভাগঃ উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), নাচোল
<p>পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান অফিসার, নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না।</p>	-	-
<p>বন বিভাগঃ উপজেলা বন কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা বন কর্মকর্তা, নাচোল
<p>পল্লী সঞ্চয় ব্যাংকঃ উপজেলা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নাচোল
<p>পল্লী বিদ্যুৎ বিভাগঃ ডিজিএম, নাচোল পল্লী বিদ্যুৎ সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	ডিজিএম, নাচোল পল্লী বিদ্যুৎ
<p>তথ্য আপা প্রকল্পঃ তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, নাচোল
<p>বিবিধঃ ১। অফিসার ইনচার্জ, নাচোল থানা সভায় জানান যে, নাচোল থানা ক্যাম্পাসের পুকুরটি বিএমডিএ কর্তৃক পুনঃখনন করা হয়েছে। পুকুরের পাড়ে একটি মসজিদ রয়েছে। পাড়ে নতুন মাটি জমা হওয়ায় বৃষ্টির পানিতে পাড় ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা রয়েছে। পুকুরের পাড় রক্ষার জন্য প্রটেকশন ওয়াল নির্মাণ করা প্রয়োজনীয়। তিনি এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন।</p>	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর এ অর্থ বছর শেষের পথে বিধায় পরবর্তীতে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে সকলে মত ব্যক্ত করেন।	অফিসার ইনচার্জ, নাচোল থানা
<p>২। উপজেলা নির্বাহী অফিসার, নাচোল সভায় জানান যে, গত ১৬.০৫.২২খ্রি. তারিখের কালবৈশাখী ঋতুে মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারপ্রাপ্ত ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসন শীর্ষক প্রকল্পের অধীনে আমজোয়ান গ্রামে নির্মিত ঘরবাড়ী ক্ষতিগ্রস্ত হয়। বাড়ীগুলো মেরামতের জন্য উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত থেকে ২,৭৮,০০০/- (দুই লক্ষ আটাত্তর হাজার) টাকা বরাদ্দ প্রয়োজন।</p>	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর ক্ষতিগ্রস্ত বাড়ীগুলো মেরামতের জন্য উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত থেকে ২,৭৮,০০০/- (দুই লক্ষ আটাত্তর হাজার) টাকা বরাদ্দ প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, নাচোল ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাচোল




আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩। উপজেলা নির্বাহী অফিসার, নাচোল সভায় আরও জানান যে, উপজেলা পরিষদের জন্য আইপিএস ক্রয় এবং মেরামত বাবদ মোঃ আব্দুল জাক্বার, মালী কাম পাহারাদার সর্বমোট ৭১,১০০/- (একাত্তর হাজার এক শত) টাকার বিল ভাউচার দাখিল করেছেন। বিলটি উপজেলা রাজস্ব তহবিলের বাসা-বাড়ী মেরামত খাত থেকে পরিশোধ করা যায়।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর বিলটি উপজেলা রাজস্ব তহবিলের বাসা-বাড়ী মেরামত খাত থেকে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, নাচোল

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 (মোহাঃ আব্দুল কাদের)
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ
 নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 উপজেলা পরিষদ কার্যালয়
 নাচোল, চাঁপাইনবাবগঞ্জ


শেখ হাসিনার মূলনীতি
 গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.৪৩.৭০৫৬.০০০.০৫.০৮০.২২-৩৬/১(৩৫)

তারিখ : ০৮.০৬.২০২২ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। মাননীয় সংসদ সদস্য, ৪৪ চাঁপাইনবাবগঞ্জ-২ ও উপদেষ্টা, নাচোল উপজেলা পরিষদ।
- ০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ০৪। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৬। সহকারী কমিশনার (ভূমি), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৭। মেয়র, নাচোল পৌরসভা ও সদস্য, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৯। উপজেলা কর্মকর্তা ও সদস্য, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ১০। চেয়ারম্যান, কসবা/ফতেপুর/নাচোল/নেজামপুর ইউ,পি ও সদস্য, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ১১। , নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।


 (শরিফ আহম্মেদ)
 উপজেলা নির্বাহী অফিসার
 নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

উপজেলা পরিষদ সভায় উপস্থিত সদস্যবৃন্দ

সভা নং : ৩৭

সভার তারিখ : ৩০.০৫.২০২২খ্রিঃ, সময় : সকাল ১০.০০ মি:

জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে

পরিশিষ্ট 'ক'

ক্রঃ নং	সদস্যদের নাম ও পদবী
১.	জনাব শরিফ আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২.	জনাব মোঃ মশিউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৩.	জনাব মোঃ জাকারিয়া আল মেহরাব, চেয়ারম্যান, কসবা ইউপি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৪.	জনাব মোঃ সাদির আহমেদ, চেয়ারম্যান, ফতেপুর ইউপি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৫.	জনাব মোঃ শফিকুল আলম, চেয়ারম্যান, নাচোল ইউপি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৬. ✓	জনাব ডাঃ মোঃ আসাদুর রহমান বিপ্লব, পক্ষে- উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৭.	জনাব মোঃ বুলবুল আহমেদ, উপজেলা কৃষি অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৮.	জনাব মোঃ আলী হোসেন শামীম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (অঃদা), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৯.	জনাব মোঃ মিন্টু রহমান, অফিসার ইন চার্জ, নাচোল থানা, চাঁপাইনবাবগঞ্জ
১০. ✓	জনাব মোঃ শাহিনুল ইসলাম, উপজেলা প্রকৌশলী, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১১.	জনাব মুগাল কান্তি সরকার, উপজেলা শিক্ষা অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১২. ✓	জনাব আল গালিব, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৩.	জনাব শাহ মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম, সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নাচোল জোন, চাঁপাইনবাবগঞ্জ
১৪.	জনাব মোঃ হারুন অর রশিদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৫.	জনাব আ.ফ.ম হাসান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৬.	জনাব মোঃ জাকির হোসেন, পক্ষে- উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৭.	জনাব মোঃ আলমগীর, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৮.	জনাব মোসাঃ নাজরিন খাতুন, পক্ষে- উপজেলা সমবায় অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৯.	জনাব মোঃ ইউসুফ আলী, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২০.	জনাব মোসাঃ সুফিয়া খাতুন, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২১.	জনাব নরোত্তম কুমার প্রামানিক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২২.	জনাব মোঃ আবুল কালাম আজাদ, উপজেলা বন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২৩.	জনাব মোঃ হাবিবুর রহমান, উপজেলা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২৪.	জনাব পুষ্পিতা রায়, উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২৫.	জনাব মোঃ ফখর উদ্দিন, ডিজিএম, পল্লী বিদ্যুৎ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
২৬.	জনাব খাদিজা খাতুন, তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

উপজেলা পরিষদ সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ

পরিশিষ্ট 'খ'

ক্রঃ নং	সদস্যদের নাম ও পদবী
১.	সহকারী কমিশনার (ভূমি), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২.	মেয়র, নাচোল পৌরসভা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৩.	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৪.	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৫.	উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৬.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৭.	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৮.	চেয়ারম্যান, নেজামপুর ইউপি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ